

## সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম :

### ১। বাল্যবিবাহ প্রতিরোধ :

উপজেলায় বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত সভা নিয়মিত অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তসমূহ কার্যকরভাবে বাস্তবায়নে সমাজের সাধারণ মানুষের মাঝে বিশেষ করে মহিলাদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে বিভিন্ন সভা, সেমিনার, উঠান বৈঠক এবং বিভিন্ন ট্রেনিং প্রোগ্রামে উক্ত বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও কাজী ও পুরোহিতদের নিকট থেকে বাল্যবিবাহ পড়ানো হবে না মর্মে অঙ্গীকার নামা গ্রহণ ইত্যাদি কার্যক্রম বাস্তবায়িত হয়। উপরোক্ত বিষয়ে তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন উপপরিচালকের কার্যালয়ে প্রেরণ করা হয়।

### ২। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ :

উপজেলায় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তসমূহ কার্যকরভাবে বাস্তবায়নে সমাজের সাধারণ মানুষের মাঝে বিশেষ করে মহিলাদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে বিভিন্ন সভা, সেমিনার, উঠান বৈঠক এবং বিভিন্ন ট্রেনিং প্রোগ্রামে উক্ত বিষয়ে আলোচনা করা হয় এবং উঠান বৈঠকের প্রতিবেদন উপপরিচালকের কার্যালয়ে প্রেরণ করা হয়।

### ৩। মানব পাচার প্রতিরোধ :

উপজেলায় মানব পাচার প্রতিরোধ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তসমূহ কার্যকরভাবে বাস্তবায়নে সমাজের সাধারণ মানুষের মাঝে এবং দণ্ডের উপকারভোগীদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে বিভিন্ন সভা, সেমিনার, উঠান বৈঠক এবং বিভিন্ন ট্রেনিং প্রোগ্রামে উক্ত বিষয়ে আলোচনা করা হয় এবং উঠান বৈঠকের প্রতিবেদন উপপরিচালকের কার্যালয়ে প্রেরণ করা হয়।

### ৪। কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধ :

কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধে মহামান্য আদালতের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন এর আলোকে অত্র দপ্তরে Complaint কমিটির সভা দুই মাস পর পর অনুষ্ঠিত হয়ে থাকে।

### ৫। যৌতুক প্রতিরোধ :

যৌতুক প্রথাকে নিরুৎসাহিত করে নিয়মিত সভা, সেমিনার ও উঠান বৈঠক করা হয় এবং প্রতিবেদন উপপরিচালকের কার্যালয়ে প্রেরণ করা হয়।

### ৬। এছাড়াও বিভিন্ন আন্তর্জাতিক ও জাতীয় দিবস পালনের মাধ্যমে সচেতনতা বৃদ্ধিমূলক প্রচার প্রচারণা নিয়মিত বাস্তবায়ন করা হয়।

#### যেমন

- \* আন্তর্জাতিক নারী দিবস
- \* জাতীয় কন্যা শিশু দিবস
- \* বেগম রোকেয়া দিবস (জয়িতাদের সম্মাননা প্রদান)
- \* জাতীয় শিশু দিবস (বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস)
- \* জাতীয় শোক দিবস
- \* মা দিবস
- \* বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব দিবস
- \* আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ (২৫ নভেম্বর-১০ ডিসেম্বর)